রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৩১, ২০১৯

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৭—৬৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৭—১৩৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৭—৪৪ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৩৫—৯৮৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩—৪ |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪২৫/০৫ ডিসেম্বর, ২০১৮

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৭.২০১৬-৫৭৮**—যেহেতু, জনাব প্রতুল কুমার সাহা (পরিচিতি নম্বর-৭৬৫০), উপসচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা বিগত ২০১০ হতে ২০১৩ সাল পর্যন্ত যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, সমবায় অধিদপ্তর, ঢাকা হিসেবে কর্মকালে ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ কর্তৃক মাল্টিলেভেল মার্কেটিং (এমএলএম) পদ্ধতিতে কমিশন প্রদানের ভিত্তিতে সদস্য ও আমানত সংগ্রহের কার্যক্রম সন্তোষজনক না হওয়া সত্বেও ঢাকা বিভাগের বিভিন্ন এলাকায় ২০(বিশ)টি শাখা খোলা এবং সভ্য নির্বাচনী ও কর্ম এলাকা সমগ্র বাংলাদেশব্যাপী বৃদ্ধি সংক্রান্ত উপ-আইন সংশোধনের জন্য তিনি মেট্রো থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা ও জেলা সমবায় অফিসার, ঢাকার অবৈধ সুপারিশ নিয়ে অসৎ উদ্দেশ্যে অবৈধভাবে সমবায় অধিদপ্তরের নিবন্ধকের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার ফলে ৮.৫০ লক্ষাধিক সাধারণ বিনিয়োগকারীদের প্রায় ১৯০১,১৬,২৫,০০০ (এক হাজার নয়শত এক কোটি ষোল লক্ষ পঁচিশ হাজার) টাকা ক্ষতিগ্রস্ত করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২৩-১১-২০১৬ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৭.২০১৬-৫৮০ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, তিনি ১২-১২-২০১৬ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ অস্বীকার করে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ১৯-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানী শেষে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করা হয় এবং অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তের বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের মত পর্যাপ্ত ভিত্তি থাকায় মোসাম্মৎ হামিদা বেগম (পরিচিতি নম্বর-৫৪৭২), অতিরিক্ত সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে ১৪-১০-২০১৮ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব প্রতুল কুমার সাহা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব প্রতুল কুমার সাহা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তার বিরুদ্ধে প্রমাণিত "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব প্রতুল কুমার সাহা (পরিচিতি নম্বর-৭৬৫০), প্রাক্তন যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, সমবায় অধিদপ্তর, ঢাকা বর্তমানে উপসচিব, শিল্প মন্ত্রণালয় (প্রকল্প পরিচালক, কিউট আইটি বিজনেজ ইনকিউবেটর প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এ বদলির আদেশাধীন)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী "বর্তমান বেতন গ্রেডে প্রাপ্ত বেতন ধাপ থেকে একই বেতন গ্রেডের ৩(তিন) ধাপ নিম্নে ৩(তিন) বছরের জন্য অবনমিত" করার লঘুদণ্ড প্রদান করা হলো (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৫ম গ্রেডে ৪৩,০০০—৬৯,৮৫০ টাকার স্কেলে বর্তমানে তার প্রাপ্ত মূল বেতন ৬৩,৯৬০ টাকার ধাপ থেকে ৩(তিন) ধাপ নিম্নে একই স্কেলে ৫৬,০৩০ টাকা বেতন স্তরে ৩(তিন) বছরের জন্য তাকে অবনমিত করা হলো। ৩(তিন) বছরের দণ্ড ভোগ শেষে তিনি বেতন স্কেলের বর্তমান স্তরে প্রত্যাবর্তন করবেন)। তিনি ভবিষ্যতে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৬.১৬.০৭৫.১৬.৪৫৭**—ইস্তাম্বুল কর্মপরিকল্পনা Istanbul Programme of Action-IPoA বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির বিষয়ে তথ্য/প্রতিবেদন প্রদানের স্বার্থে নিম্নেবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃগঠনের প্রস্তাব করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আবদুছ ছবুর চৌধুরী, যুগ্মসচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সভাপতি |
| ২। | জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক উপসচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |
| ৩। | ডা. মোঃ হামিদুল হক, উপসচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মোঃ হামিদুল হক**
উপসচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ ডিসেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৭১২**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোহাম্মদ মহসীন এর স্থলে জনাব অমিতাভ দাস, মহাপরিচালক (চলতি দায়িত্ব), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-কে তাঁর পিআরএল গমনের তারিখ বিবেচনায় আগামী ২৯-০১-২০১৯ তারিখ পর্যন্ত উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৯ পৌষ ১৪২৫/২৩ ডিসেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-৭২৩**—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান, যুগ্ম-সচিব এর স্থলে বেগম নীলুফার আহমেদ, মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়-কে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত, তবে সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭৮/২০১৮/শুল্ক/৬৭৪**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট এ অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণী (বন্ড লাইসেন্স নং-০৪/কাস-এসবিডব্লিউ/২০১৮, তাং ২৯-০৭-২০১৮ খ্রিঃ) এর অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১। | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৭০,০০০.০০ |
| ২। | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১০,০০০.০০ |
| ৩। | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ১০,০০০.০০ |
| ৪। | খাদ্য সামগ্রী ও অন্যান্য | ১০,০০০.০০ |
| | সর্বমোট = | ১,০০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানী, বন্ড ও আইটি)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৪২/২০১৫-৫৬০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মঞ্জুরুল আলম, পিতা-মরহুম রত্তম আলী খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৪৯/২০১৮-৫৬১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে শরিয়তপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান খান, পিতা-এ্যাডঃ মোহাম্মদ আলী খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ৩ পৌষ ১৪২৫ বঃ/১৭ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৬১/২০১৮-৫৬২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মুহিব উদ্দিন, পিতা-মরহুম মোঃ মাসুক মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ৫ পৌষ ১৪২৫ বঃ/১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৪৮/২০১৮-৫৬৯**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে জামালপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রোকেয়া সুলতানা, স্বামী-এইচ আর এম বাসেদ আনোয়ার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৭০/২০১৮-৫৭০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব দূর্গা চক্রবর্তী, পিতা-মৃতঃ অজয় কুমার চক্রবর্তী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-০৪/৭৯-৭২৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ ইব্রাহীম খলিল, পিতা-কাজী আলী আহাম্মদ, মাতা-সাহেরা বেগম, গ্রাম-কোরপাই, ডাকঘর-কোরপাই, উপজেলা-বুড়িচং, জেলা-কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার ০৭নং মোকাম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১২ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-৮৪/৮৩(অংশ)-৭২৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে কাজী মোহাম্মদ জিল্লুর রহমান, পিতা-কাজী মোহাম্মদ লোকমান, মাতা-রেহেনা বেগম, গ্রাম-পূর্ব ভাটিখাইন, ডাকঘর-ভাটিখাইন, উপজেলা-পটিয়া, জেলা-চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ১৪নং ভাটিখাইন ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-২৩/৯৫-৭৩৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ জোবাইদুর রহমান, পিতা-মোঃ আতাউর রহমান, মাতা-অজেদা বেগম, গ্রাম-ফুলবাড়ীয়া, ডাকঘর-শালিখা, উপজেলা-সোনাতলা, জেলা-বগুড়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার সোনাতলা উপজেলার ০৫ নং মধুপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-১৯৯/৭৬-৭৪৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মুহাম্মদ আবু হানিফ, পিতা-মোঃ আবদুস সোবহান, মাতা-নুরুন্নাহার, গ্রাম-করইশ, ডাকঘর-কচুয়া, উপজেলা-কচুয়া, জেলা-চাঁদপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার কচুয়া পৌরসভার ০৪, ০৫ ও ০৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.২৭.১৯.১৬.৮৪২**—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে কুড়িগ্রাম জজশীপের সিনিয়র সহকারী জজ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোবিন্দগঞ্জ চৌকি, গাইবান্ধা) জনাব আঃ বাঃ মোঃ নাহিদুজ্জামান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং-০২/২০১৬ রুজু করা হয়; এবং

যেহেতু জনাব আঃ বাঃ মোঃ নাহিদুজ্জামান-কে প্রদত্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, বিভাগীয় মোকাদ্দমার তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ'র অভিযোগ প্রমাণিত হয়।

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে অভিযুক্ত কর্মকর্তা কুড়িগ্রাম জজশীপের সিনিয়র সহকারী জজ (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোবিন্দগঞ্জ চৌকি, গাইবান্ধা) জনাব আঃ বাঃ মোঃ নাহিদুজ্জামান-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী ০৩ (তিন) বছরের জন্য পদোন্নতি স্থগিত রাখার দণ্ড প্রদান করা হলো।

০২। প্রদত্ত দণ্ড অত্র মোকদ্দমা রুজুর তারিখ অর্থাৎ ১৯-০৫-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

**বিচার শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৭৭৮-বিচার-৩/১ডি-২১/২০১০**—যেহেতু, ঢাকার সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম-জেলা ও দায়রা জজ), জনাব মাকসুদুর রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২১/২০১০ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মাকসুদুর রহমান-কে কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকার উক্ত বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী ০৫ (পাঁচ) বছরের জন্য পদোন্নতি স্থগিত করে তাঁকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করত বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকার সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা ও দায়রা জজ), জনাব মাকসুদুর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত ২১/২০১০ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুযায়ী ০৫(পাঁচ) বছরের জন্য পদোন্নতি স্থগিত করে তাঁকে শাস্তি প্রদান করা হলো।

২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী এ আদেশ ২০-০১-২০১১ খ্রিস্টাব্দ তারিখ হতে অর্থাৎ তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৫/০৫ ডিসেম্বর ২০১৮

**নং ২৫.০০.০০০০.০১৯.০৩.০২.১৯৯৭.৭০৬**—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৫ এর ১ (ণ) এবং ৫(২) উপধারা অনুযায়ী (১) প্রফেসর ডঃ আহসানুল কবীর, নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা (২) অধ্যাপক রুনু ইকবাল বিথার, ৮/ডি, মডার্ন টাওয়ার, মৌলভী পাড়া, খুলনা-কে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে সরকার ০৩ বছরের জন্য নিয়োগ প্রদান করলেন।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
উপসচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ০৩ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.১৭-৩৩৯**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | শরিপপুর | ২২৩ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | |
| ২ | চান্দপুর ওরফে চান্দলা | ৮৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩ | শ্রীপুর | ৯০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪ | বাগার পুস্করনী | ১৫৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫ | বিশুবাগ | ১৭৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৬ | পূর্ব ধনমুড়ি | ২০৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৭ | দক্ষিণ ফাল্গুনকরা | ২২৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৮ | জামুকরা | ২৩৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৯ | পিরিজকরা | ২৭৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১০ | শ্রীপুর | ২৮০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১১ | শুড়িকরা | ২৯৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১২ | আখিরতলা | ২৯৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৩ | কাইতরা | ৩২১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৪ | হস্তিমৃতা | ৩২৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৫ | কুমারডোগা | ৩২৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৬ | কেছকিমুড়া | ৩৪৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৭ | তুলাপুস্করনী | ১৫৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৮ | ঝুপুয়া | ১৫৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৯ | কাদৈর | ১৫৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২০ | উত্তর চানকরা | ২১২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২১ | দক্ষিণ চানকরা | ২১৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২২ | গুনবতী | ২৮২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৩ | কর্তাম মধ্যডিহী | ২৮৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৪ | বাকেট হামজলা | ২৮৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৫ | খরমপুর | ৩৩৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৬ | আলকরা | ৩৮০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৭ | ভাকরডা | ২৩০ | লাকসাম | কুমিল্লা | |
| ২৮ | আলকপাড়া | ৪৪১ | লাকসাম | কুমিল্লা | |
| ২৯ | যশপুর | ১২২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩০ | লনিশ্বর | ১৮৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩১ | দেড়কোটা | ১৯৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩২ | আনন্দপুর | ২৪১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৩ | সুজাতপুর | ২৪৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৪ | নোয়াপুর | ২৪৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৫ | কবরুয়া কান্দিরপাড় | ৩৩৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৬ | আতাকরা | ৩৪২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৭ | কাককরা | ৩৫৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৮ | দামারপাড়া | ৩৮৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১)-৩৪০**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে:

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | খোলা ডাঙ্গা | ৭৮ | যশোর সদর | যশোর |
| ২ | বসুন্দিয়া | ২৪৫ | যশোর সদর | যশোর |
| ৩ | শাঁখারীপোতা | ৩৭ | সারসা | যশোর |
| ৪ | ভুলট | ১১২ | সারসা | যশোর |
| ৫ | ফতেপুর | ৩০ | ঝিকরগাছা | যশোর |
| ৬ | সরসপুর | ২৮ | নড়াইল সদর | নড়াইল |
| ৭ | পলইডাঙ্গা | ১২৩ | নড়াইল সদর | নড়াইল |
| ৮ | হোগলা ডাঙ্গা | ১৭৫ | নড়াইল সদর | নড়াইল |
| ৯ | গোপালপুর | ১৭৭ | নড়াইল সদর | নড়াইল |
| ১০ | চুয়াডাঙ্গা | ১৬১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১১ | রূপদহ | ১৮৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১২ | পরাণপুর | ২৩৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১৩ | উত্তর কচুয়া | ২৫ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৪ | নাগিরাট | ১১৫ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৫ | শ্রীপুর | ১৯ | শ্রীপুর | মাগুরা |
| ১৬ | দারিয়াপুর | ৫৩ | শ্রীপুর | মাগুরা |

তারিখ : ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০২৩.১৫.৩৪৫**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | গোড়সরপুর | ৪১ | চারঘাট | রাজশাহী |
| ২ | জিওল | ৬১ | গোমস্তাপুর | চাঁপাইনবাবগঞ্জ |
| ৩ | কাঁশরইল | ৫৯ | গোমস্তাপুর | চাঁপাইনবাবগঞ্জ |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৩.১৫-৩৪৬**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | চর ঈশ্বরগঞ্জ | ০৬ | মনপুরা | ভোলা |
| ২ | উত্তর চর ফৈজদ্দিন | ১৫ | মনপুরা | ভোলা |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১১-৩৪৭**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | উত্তর কড়াপুর | ১ | বরিশাল সদর | বরিশাল |
| ২ | সোলনা | ২ | বরিশাল সদর | বরিশাল |
| ৩ | লাখুটিয়া | ৮ | বরিশাল সদর | বরিশাল |
| ৪ | আস্তা কাটী | ২২ | বরিশাল সদর | বরিশাল |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ৫ | বিল্লবাড়ী | ৩৫ | বরিশাল সদর | বরিশাল |
| ৬ | রায়পুর | ৬৯ | বরিশাল সদর | বরিশাল |
| ৭ | খাঞ্জাপুর | ২০ | গৌরনদী | বরিশাল |
| ৮ | বাঘমারা | ২৩ | গৌরনদী | বরিশাল |
| ৯ | দক্ষিণ বিজয়পুর | ৬৪ | গৌরনদী | বরিশাল |
| ১০ | গরঙ্গল বোরাদী | ৮৩ | গৌরনদী | বরিশাল |
| ১১ | কুড়িরচর-মিয়ারচর | ১১৫ | গৌরনদী | বরিশাল |
| ১২ | পশ্চিম গোয়াইল | ৩ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৩ | দক্ষিণ ভালুকসী | ৫ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৪ | ছোট ডুমুরিয়া | ৭ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৫ | ছোট বাসাইল | ১১ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৬ | লাখার মাটিয়া | ১২ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৭ | নওপাড়া | ২৩ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৮ | তেৎলা | ৩০ | আগৈলঝড়া | বরিশাল |
| ১৯ | শিববাড়ী | ৩২ | আগৈলঝড়া | বরিশাল |
| ২০ | উত্তর বড়মগড়া | ৩৫ | আগৈলঝড়া | বরিশাল |
| ২১ | মুড়িহার | ৪৮ | আগৈলঝড়া | বরিশাল |
| ২২ | পূর্ব্ব রাহুতপাড়া | ৫১ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৩ | পূর্ব্ব কাঠীরা | ৫২ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৪ | পশ্চিম কাঠীরা | ৫৩ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৫ | তালতা ঐচা | ৬৪ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৬ | নাগাড় | ৬৬ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৭ | চাউকাটী | ৭৮ | আগৈলঝড়া | বরিশাল |
| ২৮ | পূর্ব্বচর কদমতলা | ১৩ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| ২৯ | বৈরামপুর | ১৮ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| ৩০ | দক্ষিণ গাজিপুর | ৮১ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| ৩১ | দেউলবাড়ী | ৬ | নাজিরপুর | পিরোজপুর |
| ৩২ | গিলাতলা | ২৯ | নাজিরপুর | পিরোজপুর |
| ৩৩ | মনফল | ৩৮ | নাজিরপুর | পিরোজপুর |
| ৩৪ | আমতলা | ৪৮ | নাজিরপুর | পিরোজপুর |
| ৩৫ | বলিবাবলা | ৬৫ | নাজিরপুর | পিরোজপুর |
| ৩৬ | দড়িরাম শঙ্কর | ৪৮ | ভোলা সদর | ভোলা |

তারিখ : ৩০ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).১৩**—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | আর গয়লা | ৫ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল | |
| ০২ | কাদিম সাতডুম্বর | ৩৯ | গোপালপুর | টাঙ্গাইল | |
| ০৩ | বানিয়ারা | ১১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ০৪ | মহেরা | ৫ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ০৫ | পারদিঘী | ১৮ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ০৬ | চাকলেশ্বর | ২৪ | মির্জাপুর | টাঙ্গাইল | |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৭ | ইচাইল | ৫৪ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ০৮ | মুশুরিয়া ঘোনা | ৫৬ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ০৯ | মসাজান | ৯৫ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১০ | বাঙ্গুরী | ১১০ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১১ | জগত ভাররা | ১১১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১২ | আরুহা | ১২১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৩ | কুইচ তারা | ১৩৮ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৪ | মির্জাপুর | ১৪২ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৫ | বরটিয়া | ১৫১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৬ | পাইখার | ১৫৮ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৭ | বন্ধ কাওয়ালজানী | ১৩১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৮ | দরি বহর | ১০১ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ১৯ | ময়ুর ভাঙ্গা | ১৭০ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ২০ | বিলসা | ৯৮ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ২১ | লতিফপুর | ১৮৫ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ২২ | পলাশতলী | ২০৪ | মির্জাপুর | টাঙ্গাইল | |
| ২৩ | কুমারগাতা | ৯৩ | মধুপুর | টাঙ্গাইল | |
| ২৪ | মুসুদ্দি | ২১ | মধুপুর | টাঙ্গাইল | |
| ২৫ | ঝোপনা | ১৩ | মধুপুর | টাঙ্গাইল | |
| ২৬ | সিংজোড়া | ৪১ | নাগরপুর | টাঙ্গাইল | |
| ২৭ | সহবতপুর | ৪৫ | নাগরপুর | টাঙ্গাইল | |
| ২৮ | চর ঘুনিপাড়া | ৫৮ | নাগরপুর | টাঙ্গাইল | |
| ২৯ | লাড়ুগ্রাম | ১৭৫ | নাগরপুর | টাঙ্গাইল | |
| ৩০ | কলমাইদ | ১৮৩ | নাগরপুর | টাঙ্গাইল | |
| ৩১ | সাধুটি | ৭৯ | ঘাটাইল | টাঙ্গাইল | |
| ৩২ | পার্শ্বী | ১৬৫ | ঘাটাইল | টাঙ্গাইল | |
| ৩৩ | চাম্বরতলা | ২৩০ | ঘাটাইল | টাঙ্গাইল | |
| ৩৪ | ধুল | ২৩০ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল | |
| ৩৫ | মালঞ্চ | ২০ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল | |
| ৩৬ | বেঙ্গুলা | ১৪ | গোপালপুর | টাঙ্গাইল | |
| ৩৭ | সুন্দর | ১১৮ | গোপালপুর | টাঙ্গাইল | |
| ৩৮ | পাইকপাড়া | ২৪১ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ৩৯ | বল্লভবাড়ী | ১৭ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ৪০ | জোয়াইর | ২১৮ | কালিহাতি | টাঙ্গাইল | |
| ৪১ | চিনামুরা | ১০৭ | কালিহাতি | টাঙ্গাইল | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৩ পৌষ ১৪২৫/১৭ ডিসেম্বর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.২০১৮-৮৮৬**—কুমিল্লা জেলার দাউদকান্দি মডেল থানার সাধারণ ডায়েরী নং-৪৪৬, তারিখঃ ১২-১২-২০১৮-এ উল্লিখিত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগে (দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৪-ক ধারা) মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারা বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ০৫ পৌষ ১৪২৫/১৯ ডিসেম্বর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৮৯৯**—গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানার মামলা নং-২৩, তারিখ : ২৭-০৪-২০১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত মাসিক পত্রিকা, মোবাইলের সিমকার্ড, মোবাইল ফোন, জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বাংলাদেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি অস্থিতিশীল করার লক্ষ্যে জনমনে আতংক সৃষ্টি ও উন্নয়নের গতিধারা ব্যাহত করার নিমিত্ত সন্ত্রাসী কার্যক্রম করার উদ্দেশ্যে গোপন বৈঠক ও ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**তাহমিনা বেগম**
উপসচিব।

**রাজনৈতিক অধিশাখা-৪**

**আদেশ**

তারিখ : ২০ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

**নং স্বঃমঃনির্বাচন-২০(১)/২০০৮(রাজ-৪)-১১২৭**—আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক অধিশাখা-০৬ কর্তৃক জারীকৃত পরিপত্র নং-৪৪.০০.০০০০.০৭৯. ০১.০০১.২০১৮(অংশ)-৪৫৬, তারিখঃ ১৯-১২-২০১৮ এর অনুচ্ছেদ নং-১২ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্তে The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করিল:

১। আগামী ২১ ডিসেম্বর ২০১৮ তারিখ হতে ০১ জানুয়ারি ২০১৯ তারিখ পর্যন্ত সকল ধরনের বৈধ অস্ত্রের মালিক/ লাইসেন্সধারীগণ কর্তৃক অস্ত্র বহন, অস্ত্র প্রদর্শন এবং অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হইল।

২। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩। নির্বাচন কমিশনের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬. ০১৯.১৮(অংশ-১)-৮১২, তারিখ : ১৯-১২-২০১৮ এর সিদ্ধান্ত নং-২৯(১১) এর নির্দেশনা মোতাবেক এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :

(ক) একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীগণ;

(খ) সরকারি কর্মকর্তাবৃন্দ ও আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল বাহিনীর সদস্য;

(গ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান এবং স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখ্যাঃ**—এই আদেশে "আইন-শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত আইন শৃঙ্খলা বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**আব্দুল জলিল**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৮/২১ অগ্রহায়ণ ১৪২৫

**নং ৩৭.০০.০০০০.০৬৭.১২.০০৬.২০১২-৫৮৫-শিক্ষা**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ/ সরকারি আলিয়া মাদরাসা)-এর শরীরচর্চা শিক্ষক পদটি তৃতীয় শ্রেণি হতে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উন্নীত করা হলো।

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সম্মতি রয়েছে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু কায়সার খান**
উপসচিব।